

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ)

টেলিফোন : +৮৮-২২২৬৬৬৪৮০১, +৮৮-২২২৬৬৬৪৮০৫
ওয়েবসাইট : www.bncu.gov.bd
ইমেইল : natcombd@yahoo.com

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (৬ষ্ঠ তলা)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) এর উদ্যোগে “টাঙ্গাইলের তীতঃ ঐতিহ্যের মালিকানা ও শিল্পের সম্ভাবনা”- শীর্ষক সংলাপ অনুষ্ঠিত

প্রেস রিলিজ

২৮ জানুয়ারি ২০২৬, বুধবার

২৮ জানুয়ারি ২০২৬, বুধবার ঢাকার সেগুন বাগিচায় বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) “টাঙ্গাইলের তীতঃ ঐতিহ্যের মালিকানা ও শিল্পের সম্ভাবনা” শীর্ষক এক সংলাপ আয়োজন করে। বিএনসিইউ’র চেয়ারম্যান ও শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. সি আর আবরার উক্ত সংলাপে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মিজ রেহানা পারভীন, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং সেক্রেটারি জেনারেল, বিএনসিইউ। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রভৃত্ত বিভাগের অধ্যাপক মাসউদ ইমরান, পিএইচডি অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

টাঙ্গাইল তীতি কমিউনিটির প্রতিনিধি, হেরিটেজ বিশেষজ্ঞ ও গবেষক, শিল্পের পৃষ্ঠপোষক ব্যক্তি ও প্রতিষ্ঠান, টাঙ্গাইল শাড়ি ব্র্যান্ডিং এর অগ্রণী উদ্যোক্তা যারা টাঙ্গাইলের গ্রাম থেকে তীতের শাড়িকে পৌঁছে দিয়েছেন শহরে শিক্ষিত মধ্যবিত্তের ঘরে, তরুণ ফ্যাশন ডিজাইনার যারা দেশীয় ফ্যাব্রিক নিয়ে বহুমাত্রিক কাজ করছেন এবং আইনি পরামর্শক, সরকারি ও বেসরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধিবৃন্দ সংলাপে অংশ নেন।

মূল প্রবন্ধে জনাব ইমরান টাঙ্গাইল তীতের ইউনেস্কো কর্তৃক intangible cultural heritage হিসেবে স্বীকৃতি পাওয়ার প্রেক্ষাপটে টাঙ্গাইল তীতের ঐতিহাসিক উৎস অনুসন্ধান, বুনন কৌশলের প্রযুক্তিগত বিশ্লেষণ ও সাম্প্রতিক জিআই বিতর্ক নিয়ে আলোচনা করেন। একই সাথে প্রান্তিক তীতিদের আর্থ-সামাজিক সংকট এবং আধুনিক বিপণন কৌশলের মাধ্যমে এই শিল্পের পুনরুত্থানের সম্ভাবনার উপর আলোকপাত করেন। তিনি বলেন, টাঙ্গাইলের তীতি শিল্প কেবল একটি অর্থনৈতিক খাত নয়, এটি বাংলাদেশের অবিদ্যমান আত্মার এক সুনীপুণ বুনন। ইউনেস্কো’র স্বীকৃতি এবং টাঙ্গাইল শাড়ি নিয়ে জিআই বিতর্ক এই বার্তা দেয় যে, ঐতিহ্যের মালিকানা রক্ষার জন্য সজাগ দৃষ্টি এবং আইনি সক্রিয়তা অপরিহার্য। বাংলাদেশের গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক ঐতিহ্যের সুরক্ষা নিশ্চিত করতে তিনি একটি স্বতন্ত্র intangible cultural heritage act প্রণয়ন, লিভিং হিউম্যান ট্রেজার সিস্টেম চালু করা, জাতীয় ইনভেন্টরি ডিজিটালকরণ, শিক্ষা কারিকুলামে ঐতিহ্যের গল্প ও ইতিহাসের অন্তর্ভুক্তি, মেধা সম্পদ আইনের সাথে সমন্বয় এবং নগরায়নের ক্ষেত্রে হেরিটেজ ইম্প্যাক্ট এসেসমেন্ট বাধ্যতামূলক করার উপর গুরুত্বারোপ করেন।

বিএনসিইউ’র চেয়ারম্যান ও শিক্ষা উপদেষ্টা সি আর আবরার মূল প্রবন্ধের সূত্র ধরে ঐতিহ্যের পুনঃসৃজনে সমন্বিত নীতি আর যৌথ আন্তরিক উদ্যোগের উপর গুরুত্বারোপ করেন। টাঙ্গাইল তীতের ইউনেস্কো কর্তৃক intangible cultural heritage হিসেবে স্বীকৃতি পাওয়ার ক্ষেত্রে সংস্কৃতি মন্ত্রণালয়ের অধীন জাতীয় যাদুঘর এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তাদের গুরুত্বপূর্ণ অবদানের কথা স্মরণ করেন। সংলাপে বাংলাদেশের ঐতিহ্যবাহী পণ্য/শিল্পের জিআই সুরক্ষায় ব্যারিস্টার সারওয়াত সিরাজ শুল্লা’র প্রস্তাবিত Lawyers’ Pool গঠনের প্রয়োজনীয়তার সাথে জনাব আবরার একমত পোষণ করেন। সংলাপে উঠে আসা সুপারিশসমূহ সন্নিবেশিত আকারে সংশ্লিষ্ট নীতি নির্ধারণী সংস্থায় প্রেরণের জন্য তিনি আয়োজকদের অনুরোধ করেন।

বিএনসিইউ’র সেক্রেটারি জেনারেল ও সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ মিজ রেহানা পারভীন সংলাপটি অত্যন্ত প্রাণবন্ত হয়েছে মর্মে উল্লেখ করেন। সংশ্লিষ্ট সকলকে এক প্ল্যাটফর্মে আনার জন্য তিনি আয়োজকদের ধন্যবাদ দেন। তিনি বলেন, এর ফলে যার যার


বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ)

টেলিফোন : +৮৮-২২২৬৬৬৪৮০১, +৮৮-২২২৬৬৬৪৮০৫
ওয়েবসাইট : www.bncu.gov.bd
ইমেইল : natcombd@yahoo.com

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (৬ষ্ঠ তলা)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

জায়গা থেকে প্রয়োজনীয় ভূমিকা পালন সহজ হবে। মূল প্রবন্ধ উপস্থাপনকারীর সুপারিশ অনুযায়ী পাঠ্যসূচীতে ঐতিহ্যের অন্তর্ভুক্তির বিষয়টি নিয়ে তার মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করবে মর্মে তিনি আশ্বস্ত করেন।

সংলাপে আরো অংশ নেন তাঁত শিল্পী সমিতির নেতা রঘুনাথ বসাক এবং নীলকমল বসাক, টাঙ্গাইল শাড়ি কুটিরের মনিরা এমদাদ, বেঙ্গল ফাউন্ডেশনের লুভা নাহিদ চৌধুরী, বাংলাদেশ তাঁত বোর্ডের চেয়ারম্যান আবু আহমেদ ছিদ্দিকী, এনডিসি, কপিরাইট রেজিস্ট্রার এস.এম. আরশাদ ইমাম, বাংলাদেশ জাতীয় যাদুঘরের কিপার আসমা ফেরদৌসি, ইউনেস্কো ঢাকা অফিসের প্রোগ্রাম হেড, কালচার কিষী তাহনিন, হেরিটেজ টেক্সটাইল গবেষক, সাংবাদিক ও সদস্য, বাংলাদেশ জাতীয় কারুশিল্প পরিষদ, শেখ সাইফুর রহমান সহ আরো অনেকে। এছাড়া, পররাষ্ট্র, শিল্প, বাণিজ্য, সংস্কৃতি মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য সরকারি সংস্থার প্রতিনিধিবৃন্দ আলোচনায় অংশ নেন।



ফয়সাল আরাফাত
প্রোগ্রাম অফিসার
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
মোবাইল নংঃ +৮৮ ০১৯৩৭১২৪৫৭৬